গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : নদী গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন "ব্যাম্বো ব্যান্ডেলিং এর মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন এলাকার নদীর তীর ভাঙন রোধ, ভূমি পুনঃরুদ্ধার ও নাব্যতা বৃদ্ধি পাইলট" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | কবির বিন আনোয়ার<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৯/১০/২০২০। |
| সভার সময় | বেলা ১:৩০ ঘটিকা। |
| স্থান | পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ক। |

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভাকে জানান ২৩৮৪.৪৭ লক্ষ টাকা ব্যয় সম্বলিত এ প্রকল্পটি ২০২০-২১ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। অক্টোবর ২০২০ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭৩% এবং আর্থিক অগ্রগতি ৫১.১৫%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পের গবেষণা অঙ্গের জন্য ২০২০-২০২১ অর্থ বছরে স্থাপনকৃত ব্যাম্বো ব্যান্ডেলিং এর ক্রিয়া-প্রতিক্রিয়া নির্ধারণে প্রয়োজনীয় জরিপ কাজ সম্পন্ন করা প্রয়োজন। তবে নগই এর রাজস্ব বাজেটে জরিপ কাজের কোন বরাদ্দ রাখা হয় না। গবেষণা অঙ্গের সফল সম্পাদনের জন্য প্রকল্পের মেয়াদ অন্ততঃ ছয় মাস বৃদ্ধি প্রয়োজন। তাছাড়া করোনা পরিস্থিতির কারণে প্রকল্পটি বর্তমানে মধ্যম ক্যাটাগরিতে রাখা হয়েছে। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া গেলে প্রকল্পের সকল ভৌত কাজ জুন ২০২১ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে। | (ক) নির্ধারিত সময় জুন ২০২১ এর মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করণের জন্য অনতিবিলম্বে আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(খ) নগই এর রাজস্ব বাজেটে প্রয়োজন অনুযায়ী জরিপ কাজের অর্থ বরাদ্দ রাখার ব্যবস্থা করতে হবে।<br><br>বাস্তবায়নে : মহাপরিচালক, নগই ও প্রকল্প পরিচালকল, নগই। |
| ২। | প্রকল্প পরিচালক জানান, ব্যাম্বো ব্যান্ডেলিং এর যথাযথ রক্ষণাবেক্ষণ জন্য প্রকল্পের চতুর্থ বছর হতে রাজস্ব বাজেটে পরবর্তী ছয় বছরের জন্য প্রতিবছর ১০ লক্ষ করে মোট ৬০ লক্ষ টাকার সংস্থান রাখার জন্য প্রকল্পের ডিপিপিতে নির্দেশনা রয়েছে। তাই প্রকল্প পরবর্তী সময়ে নগই রাজস্ব বাজেটে ব্যান্ডেল মেরামতের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা প্রয়োজন।<br>তিনি আরও জানান, কোভিড-১৯ এর জন্য যথাসময়ে প্রকল্পের মধ্যমেয়াদী মূল্যায়ন করা সম্ভব পর হয় নাই। ডিসেম্বর ২০২০ এর মধ্যে প্রকল্পে মধ্যমেয়াদী মূল্যায়নের কাজ সম্পন্ন করা প্রয়োজন। | (ক) প্রকল্প সমাপ্তির পর অর্থাৎ ২০২১-২২ অর্থ বছর হতে পরবর্তী বছরগুলোতে ব্যান্ডেল মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজন অনুযায়ী নগই রাজস্ব বাজেটে অর্থের সংস্থান রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : মহাপরিচালক, নগই ও বাজেট শাখা, পাসম।<br><br>(খ) প্রকল্পের মধ্যমেয়াদী মূল্যায়নের কাজ ডিসেম্বর ২০২০ এর মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নে : অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পাসম। |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৪০.১৭-৩৯২

তারিখ: ২০ কার্তিক ১৪২৭
০৫ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
১৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন "ব্যাম্বো ব্যান্ডেলিং এর মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন এলাকার নদীর তীর ভাঙন রোধ, ভূমি পুনঃরুদ্ধার ও নাব্যতা বৃদ্ধি পাইলট" শীর্ষক প্রকল্প, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
১৪) উপ-সচিব (পরিকল্পনা-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৭) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৮) উপ/সহকারী প্রকল্প পরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব